

পরিচালকমন্ডলীর প্রতিবেদন

বিস্মিল্লাহির রাহমানীর রহিম

সম্মানিত শেয়ার হোল্ডারবৃন্দ,
আসসালামু-আলাইকুম,

কোম্পানির বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। নানাবিধ প্রতিকূল পরিবেশ, পরিস্থিতি, ব্যবসায়িক মন্দা এবং অর্থনৈতিক সংকটের কারণে ৩০ শে সেপ্টেম্বর, ২০১৩ এ সমাপ্ত বছরের বার্ষিক সাধারণ সভা আমরা যথাসময়ে করতে পারিনি। মহামান্য হাইকোর্ট ডিভিশনের অনুমতিক্রমে উক্ত বছরের বার্ষিক সাধারণ সভার আয়োজন করা হয়েছে। উক্ত বছরে কোম্পানির বার্ষিক প্রতিবেদন, নিরীক্ষিত হিসাব ও তার উপর নিরীক্ষকের প্রতিবেদন আপনাদের সদয় পর্যালোচনা, বিবেচনা এবং অনুমোদনের জন্য উপস্থাপন করছি।

কোম্পানি পরিচিতি :

এক্সেলসিয়র সূজ লিমিটেড বাংলাদেশের প্রথম শতভাগ জুতা উৎপাদন ও রপ্তানিকারক প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানটি ১৯৮৮ সালের ৩০ শে জুন নিবন্ধিত হয়। কোম্পানির শিল্পকারখানাটি চট্টগ্রাম ইপিজেড এলাকায় অবস্থিত। ১৯৮৮ সালের ৩০ শে জুন কোম্পানি নিবন্ধিত হয় এবং ৩০ শে এপ্রিল, ১৯৯০ থেকে বাণিজ্যিকভাবে উৎপাদন শুরু হয়।

মানব সম্পদ :

বিদেশী ক্রেতাদের চাহিদা অনুযায়ী গুণগত মান বজায় রেখে যথাসময়ে উৎপাদন শেষ করে হস্তান্তর করার লক্ষ্যে উৎপাদন পরিকল্পনা অনুযায়ী, আবার কখনো কখনো ব্যবসায়িক মন্দা পরিস্থিতির কারণে কোম্পানির মোট মানব সম্পদের পরিমাণ কখনো বাড়ানো হয়েছে আবার কখনো কমানো হয়েছে। তাছাড়া উৎপাদন ও বিক্রয়মূল্য বিদেশ থেকে প্রাপ্ত অর্ডার এর সংখ্যা এবং প্রতি জোড়া জুতার ধরণ ও মূল্যের উপর তারতম্য হয়েছে। নিম্নে ৩০ শে সেপ্টেম্বর, ২০১৩ এ সমাপ্ত বছরের সাথে বিগত ৩ বছরের মানব সম্পদের সংখ্যা এবং মানব সম্পদের বিপরীতে উৎপাদন এবং বিক্রয়ের চিত্র তুলে ধরা হলো:

ক্রমিক নং	সমাপ্ত বছর	মোট মানব সম্পদ (শ্রমিক, কর্মচারি, কর্মকর্তা, নির্বাহী এবং ব্যবস্থাপক)	উৎপাদন (জোড়া)	বিক্রয় (লক্ষ টাকায়)
০১.	৩০ শে সেপ্টেম্বর, ২০১০	১,৫৮৭	১০,৫০,০০০	৪,১০৭.৭২
০২.	৩০ শে সেপ্টেম্বর, ২০১১	১,৭২৮	১৪,৫৫,০০০	৬,১৯৭.৭৭
০৩.	৩০ শে সেপ্টেম্বর, ২০১২	১,৫৬২	১১,৮৩,০০০	৫,৪০২.৭৬
০৪.	৩০ শে সেপ্টেম্বর, ২০১৩	১,৮৮২	১২,১৫,০০০	৩,৯৫১.৭৭

আর্থিক ফলাফল :

৩০ শে সেপ্টেম্বর, ২০১৩ এ সমাপ্ত বছরের সাথে বিগত ৩ বছরের আর্থিক ফলাফল নিম্নে দেওয়া হলো:

সমাপ্ত বছর	মোট বিক্রয় (লক্ষ টাকা)	মোট মুনাফা/ ক্ষতি (লক্ষ টাকা)	ওপারেটিং মুনাফা /ক্ষতি (লক্ষ টাকা)	নীট মুনাফা/ক্ষতি (লক্ষ টাকা)	শেয়ার প্রতি লাভ/ক্ষতি (টাকা)
৩০ শে সেপ্টেম্বর, ২০১০	৪,১০৭.৭২	২৭৫.৯৩	(৮১.৮৭)	১৮.৭৪	০.৬২
৩০ শে সেপ্টেম্বর, ২০১১	৬,১৯৭.৭৭	৩৮৮.১২	৭.৯৭	৩৩.৮১	১.১৩
৩০ শে সেপ্টেম্বর, ২০১২	৫,৪০২.৭৬	৩৭৯.০২	১৬.৯৫	৩৫.৬৫	১.১৯
৩০ শে সেপ্টেম্বর, ২০১৩	৩,৯৫১.৭৭	১৮০.৯৫	(১১২.৯৭)	(১২৬.৫৯)	(৪.২২)

পরিচালকমন্ডলীর প্রতিবেদন

ব্যবসায়িক কার্যক্রম পর্যালোচনা :

২০১৩ সালের এপ্রিল মাসে কোম্পানির শিল্পকারখানায় সংগঠিত ভয়াবহ অগ্নিকাণ্ডে কোম্পানি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়। যার ফলে ৩০ শে সেপ্টেম্বর, ২০১৩ এ সমাপ্ত বছরে কোম্পানি ১২৬.৫৯ লক্ষ টাকা ক্ষতির সম্মুখীন হয়।

লভ্যাংশ ঘোষণা সংক্রান্ত সিদ্ধান্ত :

৩০ শে সেপ্টেম্বর, ২০১৩ এ সমাপ্ত বছরে কোম্পানি ব্যাপক পরিমাণ আর্থিক ক্ষতির সম্মুখীণ হওয়ার কারণে গত ০২.০১.২০২৪ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পরিষদের সভায় ডিভিডেন্ড না দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিচালনা পরিষদ :

০১	মরহুম এম. এ. কালাম	ব্যবস্থাপনা পরিচালক
০২	জনাব খন্দকার হাসান রেজা, এফসিএস	পরিচালক
০৩	জনাব রুহুল আমীন, এফসিএমএ	পরিচালক
০৪	জনাব জেড. ইউ. তারিক	পরিচালক
০৫	জনাব ইঞ্জিনিয়ার আবদুল হক	স্বতন্ত্র পরিচালক

পরিচালকগণের অবসর গ্রহণ ও পুনঃনিয়োগ :

কোম্পানির আর্টিকেলস অব এসোসিয়েশনের সংশ্লিষ্ট বিধান মোতাবেক জনাব জেড ইউ তারিক অবসর গ্রহণ করেন। তিনি পুনঃনিয়োগের আবেদন করেন এবং যোগ্য বিধায় পুনঃরায় নিয়োগ দেওয়া হয়। এই নিয়োগ সভায় অনুমোদনের জন্য পেশ করা হলো।

নিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ :

কোম্পানির নিরীক্ষক প্রতিষ্ঠান হুসেন খাজা এড কোং ৩০ শে সেপ্টেম্বর, ২০১৪ এ সমাপ্ত বছরের জন্য পুনঃনিয়োগের জন্য আবেদন করে। অন্য কোনো প্রস্তাব না থাকায় এবং যোগ্যতাসম্পন্ন হওয়ায়, পরিচালনা পর্ষদ পুনঃরায় ৬০,০০০ (ষাট হাজার) টাকা পারিশ্রমিকে ৩০ শে সেপ্টেম্বর, ২০১৪ এ সমাপ্ত বছরের জন্য পুনঃনিয়োগ দেয়। এই নিয়োগ সভায় অনুমোদনের জন্য পেশ করা হলো।

১০। নিরীক্ষকের মন্তব্যের উপর ব্যাখ্যা :

নিরীক্ষক তাদের প্রতিবেদনে কোম্পানির হিসাবের উপর কোনো ধরনের বিরূপ মন্তব্য প্রকাশ করেন নাই।

উপসংহার :

পরিচালকমন্ডলীর পক্ষ থেকে সম্মানিত সকল শেয়ার-মালিক, সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী-শ্রমিক, কোম্পানির সকল সহযোগি ও প্রতিষ্ঠানকে তাঁদের ঐকান্তিক আন্তরিকতা ও ব্যবসায়িক অবদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হচ্ছে।

(রুহুল আমীন, এফসিএমএ)
পরিচালক

পরিচালকমন্ডলীর পক্ষে-

(কে. এইচ. রেজা, এফসিএস)
পরিচালক এবং কোম্পানি সচিব